ফল আর্মিওয়ার্ম কী এবং কীভাবে বাড়ে?

ফল আর্মিওয়ার্ম একটি ক্ষতিকারক পোকা যা

৮০ ধরণের

শস্যে আক্রমণ ও ধ্বংস করে ভুট্টা এদের সবচেয়ে প্রিয় ফসল।

২০১৮ সালে এটি বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার বিভিন্ন শস্যক্ষেতে আক্রমণ করে

বিজ্ঞানীদের ধারণা এরা আরো দূর-দুরান্তে ছড়িয়ে পড়বে এবং শস্যের ব্যাপক ক্ষতি করবে

ফল আর্মিওয়ার্ম এর জীবনচক্র

রবি মৌসুমে নিয়ন্ত্রণ

ফল আর্মিওয়ার্ম কীভাবে বেড়ে উঠে এবং শস্যক্ষেত্র আক্রমণ করে তা জানা থাকলে বিপজ্জনক এই পোকাটিকে দমন করা সহজ হবে।

ফল আর্মিওয়ার্ম এর জীবনচক্র

তাপমাত্রার উপর নির্ভর করে ফল আর্মিওয়ার্ম ৩৫ থেকে ৭০ দিন পর্যন্ত বাঁচে

Funded by USAID FROM THE AMERICAN PEOPLE — BILL & MELINDA GATES foundation

CSISA

Partners CIMMYT International Maize and Wheat Improvement Center — IFPRI — IRRI — CGIAR RESEARCH PROGRAM ON Maize

ফল আর্মিওয়ার্ম এর জীবনচক্রের বিভিন্ন ধাপে কীভাবে এদের দমন করা যায়?

ডিমগুলো সাধারণত: পাতার নিচের দিকে থাকে। এগুলো খুঁজে বের করে ধ্বংস করুন।

ফল আর্মিওয়ার্ম নিয়ন্ত্রণ সহজ হয় যখন

এদের বয়স ১০ দিনের কম থাকে

কাজেই শুরুতেই ঘন ঘন ফসলের জমিতে পর্যবেক্ষণ করুন

জমিতে নিয়মিত নজরদারি করলে পোকার কীড়া দেখতে পাবেন এবং খালি হাতে সেগুলোকে পিষে মেরে ফেলুন

সাথি ফসল চাষ পদ্ধতিতে ফল আর্মিওয়ার্ম পোকা দিশেহারা হয় ও ছড়িয়ে পড়তে পারে না বলে জীবনচক্রের যেকোন সময় এদের নিয়ন্ত্রণ করা যায়।

সাথি ফসল

সিরিয়াল সিস্টেমস ইনিশিয়েটিভ ফর সাউথ এশিয়া (সিসা) প্রকল্প শুরু হয়েছে ২০০৯ সালে। এতে নেতৃত্ব দিচ্ছে আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) এবং সহযোগি হিসেবে আছে আন্তর্জাতিক খাদ্য নীতি গবেষণা ইন্সটিটিউট (ইফপ্রি) ও আন্তর্জাতিক ধান গবেষণা ইন্সটিটিউট (ইরি)। এখানে বর্ণিত কোন বিষয় বা মন্তব্যের জন্য কোনভাবেই বিল এ্যাণ্ড মেলিণ্ডা গেট্স ফাউণ্ডেশন, ইউএসএইড, এবং যুক্তরাষ্ট্রের সরকারকে দায়ী করা যাবেনা এবং কোন রকম বিজ্ঞাপন বা পন্যের প্রচারের জন্য ব্যবহার করা যাবেনা।

আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র ১০/বি, রোড ৫৩, গুলশান ২, ঢাকা থেকে এপ্রিল ২০১৯ এ প্রকাশিত

Correct citation: Krupnik, T.J. and Dhungana, H. (2019) What is fall armyworm and how does it grow? International Maize and Wheat Improvement Center. Dhaka, Bangladesh.

সেচের সময় ক্ষেতে এমনভাবে পানি দিন যাতে কয়েক সেন্টিমিটার পানি জমে থাকে এতে পূর্নাঙ্গ পর্যায়ে রুপান্তরের জন্য মাটিতে যে পুত্তুলিগুলো থাকবে তারা ডুবে মরে যাবে

সেচহীন জমি

সেচের জমি

কৃষকবান্ধব যেসব মাকড়শা বা বন্ধু পোকা রয়েছে সেগুলোর যত্ন নিন যাতে তারা কীড়া বা ডিম ধ্বংস করতে পারে।

কৃষি সম্প্রসারণ কর্মকর্তার সাথে পরামর্শ করে কেবলমাত্র একজন সনদপ্রাপ্ত স্বীকৃত প্রয়োগকারীর দ্বারা কীটনাশক প্রয়োগ করুন। পোকা দমনের অন্যান্য ব্যবস্থা কার্যকর না হলে সর্বশেষে রাসায়নিক কীটনাশক ব্যবহার করুন। মনে রাখবেন রাসায়নিক কীটনাশক উপকারি বন্ধু পোকাও ধ্বংস করে।

কীটনাশক ডিম এবং পাতার নিচে এবং পাতার কোড়লে লুকিয়ে থাকা কীড়াতে প্রয়োগ করতে ভুলবেন না।